

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ০৪/২০১৭

এ,

তারিখঃ ০১ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
১৫ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ শিশু আদালতে শিশু বান্ধব পরিবেশ নিশ্চিত করার জন্য UNICEF Bangladesh কর্তৃক গৃহীত উন্নয়নমূলক কাজে সার্বিক সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

শিশু আইন, ২০১৩ এর ১৯ ধারার বিধান মতে শিশু আদালতের আদালত কক্ষের বিন্যাস সাজ-সজ্জা ও আসন ব্যবস্থা শিশুর জন্য উপযোগী হতে হবে। সেমতে UNICEF Bangladesh এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের মধ্যে ১৪.০২.২০১৭ খ্রি. তারিখে স্বাক্ষরিত MoU অনুযায়ী UNICEF Bangladesh শিশু আদালতে শিশু বান্ধব পরিবেশ নিশ্চিত করার জন্য শিশু আদালতের এজলাস, ডক, কাঠগড়া সহ আনুষঙ্গিক উন্নয়নমূলক কাজ শুরু করেছে।

০২। Supreme Court Special Committee for Child Rights এর গত ২৩.০৫.২০১৭ খ্রি. তারিখের ১৪ তম সভায় সারাদেশের শিশু আদালতে শিশু বান্ধব পরিবেশ নিশ্চিত করার জন্য UNICEF Bangladesh কর্তৃক গৃহীত উক্ত উন্নয়নমূলক কাজ সফলভাবে সম্পন্ন করার নিমিত্ত সকল জেলা জজ আদালত এবং শিশু আদালত সার্বিক সহযোগিতা প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। এমতাবস্থায়, শিশু আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগ ও শিশু আদালতে শিশু বান্ধব পরিবেশ নিশ্চিত করার জন্য এজলাস, ডক, কাঠগড়া সহ আনুষঙ্গিক উন্নয়নমূলক কাজে UNICEF Bangladesh-কে সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য সকল জেলা জজ আদালত এবং শিশু আদালতসহ সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(আবু সৈয়দ দিলজার হোসেন)


রেজিস্ট্রার

ফোনঃ ৯৫১৪৬৪৬।

ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, ----- (সকল)।
- ৩। মহানগর দায়রা জজ, ----- (সকল)।
- ৪। শিশু আদালত, ----- (সকল)।
- ৫। অতিরিক্ত রেজিস্ট্রার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৬। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৭। ডেপুটি রেজিস্ট্রার (অর্থ ও উন্নয়ন), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৮। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


15.06.17
(মোঃতাছিম বিল্যাহ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোনঃ ৯৫৬১৯৩২।